পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটি

স্মারক নং: পাবিপ্রবি/একা/৮৮/৭২৫ তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থ বছরের গবেষণা প্রস্তাবনা প্রকল্প আহ্বান

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গবেষণাকর্মে সহায়তা বাবদ বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির জন্য গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, আপনার বিভাগের শিক্ষকদের নিকট হতে ২০২২-২০২৩ অর্থ বছরের গবেষণা প্রস্তাবনা প্রকল্প আহ্বান করা যাচ্ছে।

০১. গবেষকগণ সংযুক্ত "গবেষণা প্রকল্প নীতিমালা" অনুযায়ী ফরম পূরণ করে গবেষণা প্রস্তাবনা প্রকল্প নিজ নিজ বিভাগে জমা দিবেন।

০২. বিভাগ কর্তৃক প্রাপ্ত গবেষণা প্রকল্পসমূহ বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশসহ সংযুক্ত ছক অনুযায়ী আগামী ৩১/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	প্রকল্পের শিরোনাম	সংশ্লিষ্ট শিক্ষকগণের নাম (ইংরেজিতে)	প্রকল্পের মেয়াদ	২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

(মোঃ সুজা উদ্দিন)
উপ-রেজিস্ট্রার
ও
সদস্য সচিব
গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটি
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

স্মারক নং: পাবিপ্রবি/একা/৮৮/৭২৫/০৬ তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১) ডিন, (বিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/জীব ও ভূ-বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ), পাবিপ্রবি;
২) চেয়ারম্যান, গণিত/ সিএসই/ ইইই/ ব্যবসায় প্রশাসন/ পদার্থ বিজ্ঞান/ আইসিই/ ইইসিই/ অর্থনীতি/ ভূগোল ও পরিবেশ/ বাংলা/ সিভিল ইঞ্জিঃ/ ফার্মেসি/ আর্কিটেকচার/ রসায়ন/ সমাজকর্ম/ পরিসংখ্যান/ নগর ও অঞ্চল পরিকল্পনা/ ইংরেজী/ লোক প্রশাসন/ ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পাবিপ্রবি;
৩) পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি; (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪) পি.এস. টু ভি.সি, পাবিপ্রবি (মাননীয় উপাচার্য এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
৫) পি.এস. টু প্রো-ভি.সি, পাবিপ্রবি (মাননীয় উপ-উপাচার্য এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
৬) অফিস নথি।

(মোঃ সুজা উদ্দিন)
উপ-রেজিস্ট্রার
ও
সদস্য সচিব
গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটি
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটি

গবেষণা প্রকল্প সংক্রান্ত নীতিমালা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের (খণ্ডকালীন ও চুক্তি ভিত্তিক ব্যতিত) গবেষণার জন্য গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির ক্ষেত্রে অথবা পরবর্তীতে এই বিশ্ববিদ্যালয়ের **"বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্র"** চালু হলে কেন্দ্রের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসৃত হবে :

১। শিক্ষকদের প্রতি গবেষণা প্রকল্পের অনুকূলে গবেষণা পরিচালনার জন্য প্রাপ্ত বরাদ্দ ও গবেষণার উপযোগিতা বিবেচনায় বিভিন্ন ক্যাটাগরিতে আর্থিক অনুদান প্রদান করা হবে।

২। একই অর্থ বছরে একজন গবেষকের নিকট হতে একাধিক গবেষণা প্রকল্পের জন্য আবেদন গ্রহণ করা যাবে না এবং পূর্বে গৃহীত প্রকল্প সম্পন্ন না হওয়া পর্যন্ত নুতন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

৩। এক অর্থবছরে ১(এক) বার গবেষণা আহ্বান করা হবে এবং সংশ্লিষ্ট অর্থবছরই গবেষণা প্রকল্পের মেয়াদকাল হবে ।

৪। নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভূক্ত করে গবেষণা প্রকল্প জমা দিতে হবেঃ

(ক) গবেষণা প্রকল্পের শিরোনাম (Title of the Research Proposal),
(খ) গবেষণা সমস্যার সংক্ষিপ্ত বিবরণ ও প্রেক্ষাপট (Short Description of the Research Problem and its Field.)
(গ) প্রস্তাবিত গবেষণার যৌক্তিকতা (Rationale of the Proposed Research)
(ঘ) অনুকল্প / গবেষণা জিজ্ঞাসা (Hypothesis/ Research Questions)
(ঙ) গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য (Aims and Objectives of the Research)
(চ) সাহিত্য পর্যালোচনা ও তাত্ত্বিক কাঠামো (Literature Review and Theorical Framework)
(ছ) গবেষণা পদ্ধতি (Research Methodology)
(জ) গবেষণার সম্ভাব্য ফলাফল এবং অবদান (Expected Outcomes and Contribution of the Research)
(ঝ) সময়সূচীর ভিত্তিতে কর্ম/পরিকল্পনা (Time Frame with Activity Plan)

৫। প্রস্তাবিত বাজেটে (Proposed Budget) নিম্নোক্ত হারে ক্ষেত্র বিশেষে প্রাক্কলন করা যাবেঃ

(ক) প্রকল্প পরিচালক ও সহযোগী পরিচালক (যদি থাকে) সম্মানী বাবদ যে কোন এক জনের মূল বেতন অথবা প্রাপ্য বাজেটের ২৫% এর মধ্যে যেটি কম হবে তা প্রাপ্য হবেন	২৫%
(খ) যাতায়াত বাবদ (সর্বোচ্চ) -	২০%
(গ) রিপোর্ট প্রস্তুত করার জন্য আনুষঙ্গিক খরচাদি (কম্পিউটার কম্পোজ ও বাইন্ডিং ইত্যাদি)	৫%
(ঘ) মাঠকর্ম ভিত্তিক গবেষণার আনুষঙ্গিক খরচাদি, তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্তে খরচাদি, গবেষণা উপকরণ সংগ্রহে আনুষাঙ্গিক খরচাদি, ল্যাব ভিত্তিক গবেষণার প্রয়োজনীয় সরঞ্জাম বাবদ খরচাদি, কেমিক্যাল, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ইত্যাদি বাবদ খরচাদি	৫০%

৬। গবেষণা শেষে পূর্ণাঙ্গ রিপোর্ট ও প্রকৃত খরচের হিসাব ভাউচারসহ জমা দিতে হবে। রিপোর্ট থেকে গবেষণার কোন অংশ প্রকাশিত হলে প্রবন্ধের শেষে গবেষণা প্রকল্পটি পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে এ মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং প্রকাশিত প্রবন্ধের একটি Soft (PDF) কপি গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির নিকট অথবা পরবর্তীতে এ বিশ্ববিদ্যালয়ের **"বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্র"** চালু হলে গবেষণা কেন্দ্রে জমা দিতে হবে।

৭। প্রস্তাবিত গবেষণা প্রকল্পের রেফারেন্সে বা অন্য কোন অংশে গবেষকের নাম, ঠিকানা কিংবা প্রকল্পে আবেদনকারীকে সনাক্ত করা যায় এমন কোন তথ্য থাকতে পারবে না। এ তথ্যগুলি প্রচ্ছদ (Cover Page) বা আবেদনপত্রের সাথে থাকতে পারে।

08/12/2020 08.12.2021 08/12/2020 08.12.2020 08.12.21 08.12.2020

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটি

৮। গবেষণা প্রকল্প চূড়ান্তভাবে সম্পন্ন করার পর গবেষক/গবেষকবৃন্দকে ন্যূনতম একটি প্রবন্ধ Publish করতে হবে।

৯। গবেষণা অনুদানের আবেদনের সাথে কম্পিউটার কম্পোজ ৩(তিন) কপি স্পাইরাল বাইন্ডিং করা গবেষণা প্রকল্প জমা দিতে হবে। গবেষণা কার্যের জন্য অনুদান ২(দুই) কিস্তিতে দেয়া হবে। অনুদানের আবেদন বিবেচিত হলে গবেষণার কাজ আরম্ভ করার জন্য প্রথম কিস্তি বাবদ ৭৫% অগ্রিম হিসেবে উত্তোলন করা যাবে এবং ২য় কিস্তি অর্থাৎ চূড়ান্ত কিস্তি বাবদ ২৫% টাকা গবেষণা কাজের শেষে রিপোর্ট প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়ন রিপোর্টের আলোকে পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে। ১ম কিস্তির টাকা ছাড়ের তারিখ থেকে প্রকল্পের মেয়াদ গণনা করা হবে।

১০। প্রথম কিস্তির টাকা প্রাপ্তির ৯ (নয়) মাসের মধ্যে গবেষণা প্রকল্পের কাজ শেষ করে চূড়ান্ত রিপোর্টসহ খরচের ভাউচার, হিসাব বিবরণী জমা দিতে হবে। যদি কোন গবেষক নির্দিষ্ট সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হন, তাহলে উক্ত গবেষককে ৩০ দিনের সময় দিয়ে সর্বোচ্চ ২টি তাগিদপত্র দেয়া হবে। সর্বশেষ তাগাদাপত্র প্রাপ্তির পরেও গবেষণাকর্ম সম্পন্ন করতে ব্যর্থ হলে ১ম কিস্তি বাবদ প্রদত্ত অগ্রিমের টাকা গবেষকের মাসিক বেতন থেকে সমান ১০ (দশ) কিস্তিতে সমন্বয় করার জন্য পরিচালক(হিসাব) বরাবরে অনুরোধ করা হবে।

১১। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) অথবা অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার আংশিক বা পূর্ণ অর্থানুকূলে যে সকল গবেষণা করা হয় তার রিপোর্ট এবং শিক্ষকদের ব্যক্তিগত চিঠি বা এমফিল/পিএইচডি এর থিসিস, গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির অথবা পরবর্তীতে এই বিশ্ববিদ্যালয়ের **"বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্র"** থেকে কম্পিউটার কম্পোজ বা ফটোকপি করা যাবে না।

১২। গবেষণা প্রকল্প জমা দেয়ার সময় আবেদনের সাথে এ মর্মে ঘোষণার মাধ্যমে উল্লেখ করতে হবে যে, প্রকল্পটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) বা অন্য কোন সংস্থার / প্রতিষ্ঠানের সরাসরি আর্থিক আনুকূল্যে পরিচালিত আংশিক/ পূর্ণাঙ্গ গবেষণার অংশ বিশেষ নয়।

১৩। গবেষণা প্রকল্পের আবেদন যথাযথ কর্তৃপক্ষের (যেমন- বিভাগীয় চেয়ারম্যান) মাধ্যমে জমা দিতে হবে।

১৪। গবেষণা প্রকল্পের রিপোর্টের Plagiarism যাচাই করা হবে।

১৫। প্রত্যেক গবেষককে তার প্রস্তুতকৃত রিপোর্টের উপর সংশ্লিষ্ট অনুষদে সেমিনার দিতে হবে এবং সেমিনারের মতামত সংশ্লিষ্ট ডিন কমিটির কাছে প্রেরণ করবেন।

08.12.21

08/12/2020

08.12.2020

08/12/2020

08/12/2020

05.12.2020

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গবেষণা আহ্বান ও মূল্যায়ণ কমিটি

Application of financial grant for Research Project

1. Name of the Applicant :...
2. Present Position :...
3. Academic Qualification ;...
4. Title of the Research Project :...
5. Outline the Res ...ch Proposal with following specific-criteria :
   [Pleas use the separate sheet for the Research Proposal.]
   i) Short Description of Research Proposal.
   ii) Hypothesis / Research Questions.
   iii) Aims and Objectives of the Research.
   iv) Literature Review and Theoretical Framework.
   v) Research Methodology.
   vi) Expected Outeolines and Contribution of the Research.
   vii) Time Frame with Activity Plan
   viii) Proposed Budgt.
6. Whether financ...l grant(s) were received previously under the resarch fund. If yes, pleas specify th.. title(s) for which grant(s) was / were made :
7. Please specify the prriod necessary for completion of the project :

Signature of the applicant
Date :-